দৈনিক সংবাদ

তারিখ 11 AUG 1997
পৃষ্ঠা ৬ কলাম ৮

# গাজীপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ পালিত

গাজীপুর, ১০ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।- বিভিন্ন অনুষ্ঠানমালার মধ্য দিয়ে গাজীপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৭ পালিত হয়েছে। এ উপলক্ষে গত ২৯শে জুলাই অনুষ্ঠিত হয় স্কুল-মাদ্রাসা ও কলেজের ছাত্র-ছাত্রীরে মধ্যে সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতা। জেলার ৫টি থানা থেকে ৩টি গ্রুপে ১৪টি বিষয়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় স্কুল-মাদ্রাসা ও কলেজের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে। প্রতি-যোগিতা শেষে পুরস্কার বিতরণ করেন গাজীপুরের জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম। এরপর গত ৩১শে জুলাই অনুষ্ঠিত হয় শিক্ষা সম্মেলন, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। শিক্ষা সম্মেলনে 'বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন' শীর্ষক এবারের শিক্ষা সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয়ের উপর প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপিকা ফাতেমা জোহরা। এরপর গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রাজিয়া বেগমের সভাপতিত্বে আলোচনায় অংশগ্রহণ করেন জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম, গাজীপুর পৌরসভার চেয়ারম্যান আ, ক, ম মোজাম্মেল হক, শ্রেষ্ঠ কলেজ শিক্ষক অধ্যক্ষ হাসান ওয়ায়েজ, ভাওয়ালরত্ন মোঃ নূরুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার জমিলা খাতুন, সহকারী জেলা শিক্ষা অফিসার শামসুল ইসলাম খান, অধ্যাপক মুকুল কুমার মল্লিক, প্রধান শিক্ষক সত্যনাথ পাল প্রমুখ। এ বছর জেলা পর্যায়ে শ্রেষ্ঠ কলেজ শিক্ষক নির্বাচিত হয়েছেন কাজী আজিমউদ্দিন কলেজের অধ্যক্ষ প্রফেসর হাসান ওয়ায়েজ, শ্রেষ্ঠ কলেজ টঙ্গী সরকারি কলেজ এবং শ্রেষ্ঠ উচ্চ বিদ্যালয় ভাওয়াল মির্জা হাজী জমির উদ্দিন উচ্চবিদ্যালয়।